দৈনিক ইনকিলাব

তারিখ ... 30 JUL 1997 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

আগামীকাল পরিচয়পত্র দেখিয়ে ছাত্ররা সূর্যসেন হলে ঢুকবে

# ঢাকা ভার্সিটিতে ছাত্র দল-ছাত্র লীগ সমঝোতা চুক্তি

## ছাত্র দলের ধর্মঘট স্থগিত ঃ আজ হল খালি করা হবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ মুজিববাদী ছাত্র লীগ কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হল দখলকে কেন্দ্র করে ৬ দিনের সংঘাত-সংঘর্ষের পর গতকাল ছাত্র দল ও ছাত্র লীগের মাঝে শান্তি-সমঝোতা প্রতিষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের মধ্যস্থতায় দুই পক্ষে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী সূর্যসেন হলে সৃষ্ট পরিস্থিতি নিরসনকল্পে আজ (বুধবার) সকাল ১০টায় হল খালি করে দেয়া হবে, এবং আগামীকাল সকাল ১০টায় হলের ছাত্ররা পরিচয়পত্র প্রদর্শন করে হলে ঢুকবে। অন্য হলগুলোতে থাকতে পারে না ছাত্র দলের

২-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## ছাত্রদল-ছাত্রলীগ সমঝোতা

প্রথম পৃষ্ঠার পর

এমন ২০/২৫ জন কর্মীও প্রভোস্টের অনুমতি নিয়ে সূর্যসেন হলে থাকবে। হলের বৈধ ছাত্রদের মধ্যে কাউকে নিয়ে সমস্যা হতে পারে বলে অভিযোগ উঠলে ছাত্র দল ও ছাত্র লীগ সভাপতি তাৎক্ষণিকভাবে সে সমস্যার সমাধান করবে। চুক্তি অনুযায়ী ছাত্র দলের আহূত অনির্দিষ্টকালের ধর্মঘটসহ সকল কর্মসূচী আজ থেকে আপাতত স্থগিত ঘোষণা করা হয়। ভিসি ভবনে গতকাল বেলা ৩টা থেকে ৫টা পর্যন্ত ছাত্র দল, ছাত্র লীগ, গণতান্ত্রিক ছাত্র ঐক্যসহ সকল সংগঠনের নেতৃবৃন্দের উপস্থিতিতে অনুষ্ঠিত এ সমাঝোতা বৈঠকে ছাত্র দল ও ছাত্র লীগের মাঝে ৮ দফা সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। ভাইস চ্যান্সেলর প্রফেসর একে আজাদ চৌধুরীর মধ্যস্থতায় এ সমঝোতা চুক্তিতে স্বাক্ষর করেন ছাত্র দল সভাপতি শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি, সাধারণ সম্পাদক হাবিবুন্নবী সোহেল এবং ছাত্র লীগ সভাপতি এনামুল হক শামীম, সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না প্রমুখ নেতৃবৃন্দ। চুক্তি স্বাক্ষরের পর ভিসির বাস ভবনের লাউঞ্জ থেকে ভাইস চ্যান্সেলরের সাথে হাস্যোজ্জ্বল মুখে বেরিয়ে আসেন ছাত্র দল ও ছাত্র লীগ সভাপতি। তারা তিন জনই বলেন, চুক্তি বাস্তবায়নের ব্যাপারে তারা পূর্ণ আশাবাদী। তবে ছাত্র দল সভাপতি এ্যানি বলেন, চুক্তি বাস্তবায়নে বাধার সৃষ্টি হলে তারা আন্দোলনের স্থগিত কর্মসূচী পুনরায় ঘোষণা করবেন। ভিসি সমঝোতা চুক্তি স্বাক্ষরের সব কৃতিত্ব ছাত্র নেতাদের দিয়ে আশা প্রকাশ করেন, তারা চুক্তি বাস্তবায়নে আন্তরিক আন্তরিক হবেন। চুক্তি স্বাক্ষরের পর ভিসি, প্রভোস্ট; স্ট্যান্ডিং কমিটি এবং সিন্ডিকেটের পৃথক দু'টি সভায় মিলিত হন এবং সৃষ্ট পরিস্থিতি ও সমঝোতা চুক্তি নিয়ে আলোচনা করেন।

সমঝোতা চুক্তিতে বলা হয়, আজ হল খালি করে দেয়ার পর হল প্রভোস্ট, হাইজ টিউটরগণ ও ছাত্র নেতৃবৃন্দের উপস্থিতিতে পুলিশ হল তল্লাশি করবে। হল পরিস্থিতি অনুকূল করতে আগামীকাল সকাল ১০টায় প্রভোস্ট, হাউজ টিউটর ও ছাত্র নেতাদের উপস্থিতিতে ছাত্ররা পরিচয়পত্র প্রদর্শন করে হলে ঢুকবে। আগামী ১০ আগস্ট থেকে পর্যাক্রমে সকল হলে এই প্রক্রিয়া শুরু করা হবে। আজ ও আগামীকাল সূর্যসেন হলে এ প্রক্রিয়া চলাকালে ছাত্র দল ও ছাত্র লীগের কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ও সাধারণ সম্পাদক ছাড়া অন্য কেউ হল ক্যাম্পাস বা হল এলাকায় উপস্থিত থাকতে পারবে না। আগামী ১০ আগস্ট থেকে জিয়া হলে জিয়াউর রহমান এবং মুজিব হলে শেখ মুজিবুর রহমান ছাড়া অন্য কোন হলে মুজিব-জিয়ার ছবি থাকবে না। বৈঠকে সিদ্ধান্ত হয় যে, ছাত্র লীগ সূর্যসেন হল গেটে মুজিবের ছবির পাশে জিয়ার ছবি এঁকে দেবে। ছাত্র লীগ হল দখলের পর জিয়ার ছবি মুছে দেয়া হয়। তবে আগামী ১০ আগস্ট কর্তৃপক্ষ জিয়া ও মুজিবের দুটি ছবিই মুছে দেবে।

সমঝোতা চুক্তির পর ক্যাম্পাস ও হলগুলোতে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। অনেকে সন্তোষ প্রকাশ করেছেন, অনেকেই চুক্তির বাস্তবায়ন নিয়ে সংকিত।